# পুলিশ ষ্টাফ কলেজ আইন, ২০০২

( ২০০২ সনের ২৫ নং আইন )

**পুলিশ ষ্টাফ কলেজ স্থাপনকল্পে প্রণীত আইন৷**

যেহেতু পুলিশ কর্মবিভাগে নিযুক্ত ব্যক্তিগণ ও কতিপয় অন্যান্য পেশাজীবীর পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য যথোপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা করা প্রয়োজন;

এবং যেহেতু উক্তরূপ প্রশিক্ষণের আয়োজন ও পরিচালনার জন্য পুলিশ ষ্টাফ কলেজ স্থাপন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন**

১৷ (১) এই আইন পুলিশ ষ্টাফ কলেজ আইন, ২০০২ নামে অভিহিত হইবে৷

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে৷

**সংজ্ঞা**

২৷ বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,-

(ক) ‘পুলিশ ষ্টাফ কলেজ' অর্থ এই আইরে ধারা ৩ এর অধীন স্থাপিত পুলিশ ষ্টাফ কলেজ;

(খ) ‘চেয়ারম্যান' অর্থ বোর চেয়ারম্যান;

(গ) ‘তহবিল' অর্থ পুলিশ ষ্টাফ কজে তহবিল;

(ঘ) ‘প্রবিধান' অর্থ এই আইরে অধীন প্রণীত প্রবিধান;

(ঙ) ‘বিধি' অর্থ এই আইরে অধীন প্রণীত বিধি;

(চ) ‘বোর্ড' অর্থ পুলিশ ষ্টাফ কজের পরিচালনা বোর্ড;

(ছ) ‘রেক্টর' অর্থ পুলিশ ষ্টাফ কজের রেক্টর;

(জ) ‘সদস্য' অর্থ বোর সদস্য।

**পুলিশ ষ্টাফ কলেজ প্রতিষ্ঠা**

৩৷ (১) এই আইনের উদ্দেশ্যসমূহ পূরণকল্পে পুলিশ ষ্টাফ কলেজ নামে একটি কলেজ থাকিবে৷

(২) পুলিশ ষ্টাফ কলেজ একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করার, অধিকারে রাখার এবং হস্তান্তর করার ক্ষমতা থাকিবে; এবং ইহার নামে ইহা মামলা দায়ের করিতে পারিবে এবং ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

**পুলিশ ষ্টাফ কলেজের দায়িত্ব ও কার্যাবলী**

৪। এই আইন ও বিধির বিধান সাপেক্ষে পুলিশ ষ্টাফ কলেজের দায়িত্ব ও কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা:-

(ক) পুলিশ কর্ম বিভাগের সহকারী পুলিশ সুপার ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাদের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান;

(খ) পুলিশ প্রশাসন ও ব্যবস্থাপনা এবং তত্সংশ্লিষ্ট অন্যান্য বিষয় সম্পর্কে জাতীয় ও আন্তর্জাতিক সম্মেলন, সেমিনার ও সিম্পোজিয়ামের আয়োজন ও পরিচালনা করা;

(গ) প্রশিক্ষণের বিষয় ও পাঠ্যক্রম নির্ধারণ;

(ঘ) প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তিগণকে সার্টিফিকেট, ডিপ্লোমা ও ডিগ্রী ইত্যাদি প্রদান;

(ঙ) পুলিশ ষ্টাফ কলেজে লাইব্রেরী স্থাপন ও পরিচালনা;

(চ) প্রশিক্ষণ ও পাঠ্যক্রমের সহিত সংশ্লিষ্ট এবং আইন-শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ে গবেষণা পরিচালনা এবং উক্তরূপ গবেষণালব্ধ তথ্যাদি প্রকাশকরণ;

(ছ) দফা (চ) এ উল্লিখিত বিষয়ে পুস্তক, সাময়িকী ও প্রতিবেদন প্রকাশনা;

(জ) সরকার কর্তৃক নির্দেশিত অন্য যে কোন কার্য সম্পাদন;

(ঝ) এই আইনের উদ্দেশ্যসমূহ পূরণকল্পে প্রয়োজনীয় অন্য যে কোন কার্য সম্পাদন; এবং

(ঞ) বোর্ড কর্তৃক নির্ধারিত শর্ত ও পদ্ধতি সাপেক্ষে উপযুক্ত বিদেশী নাগরিকগণকে প্রশিক্ষণ প্রদান।

**পুলিশ ষ্টাফ কলেজের পরিচালনা ও প্রশাসন**

৫। (১) পুলিশ ষ্টাফ কলেজের পরিচালনা ও প্রশাসন একটি পরিচালনা বোর্ডের উপর ন্যস্ত থাকিবে এবং পুলিশ ষ্টাফ কলেজ যে সকল ক্ষমতা প্রয়োগ এবং কার্য সম্পাদন করিতে পারিবে পরিচালনা বোর্ডও সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে।

(২) পরিচালনা বোর্ড ইহার ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদনের ক্ষেত্রে, সরকার কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশ অনুসরণ করিবে।

**পরিচালনা বোর্ডের গঠন**

৬। পরিচালনা বোর্ড নিম্নবর্ণিত সমন্বয়ে গঠিত হইবে, যথা:-

(ক) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী, যিনি ইহার চেয়ারম্যানও হইবেন;

(খ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী, উপমন্ত্রী, যদি থাকে, যিনি ইহার ভাইস-চেয়ারম্যানও হইবেন;

(গ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব, যিনি ইহার ভাইস-চেয়ারম্যানও হইবেন;

(ঘ) সংস্থাপন মন্ত্রণালয়ের সচিব বা তত্কর্তৃক মনোনীত অতিরিক্ত সচিবের নিম্ন নহেন এমন একজন কর্মকর্তা;

(ঙ) অর্থ বিভাগের সচিব বা তত্কর্তৃক মনোনীত অতিরিক্ত সচিবের নিম্ন নহেন এমন একজন কর্মকর্তা;

(চ) শিক্ষা মন্ত্রণালয়ের সচিব বা তত্কর্তৃক মনোনীত অতিরিক্ত সচিবের নিম্ন নহেন এমন একজন কর্মকর্তা;

(ছ) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব বা তত্কর্তৃক মনোনীত অতিরিক্ত সচিবের নিম্ন নহেন এমন একজন কর্মকর্তা;

(জ) ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ;

(ঝ) রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র;

(ঞ) কমাণ্ড্যান্ট, ডিফেন্স সার্ভিসেস কমাণ্ড এণ্ড স্টাফ কলেজ;

(ট) সরকার কর্তৃক মনোনীত স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয়ের একজন উপাচার্য;

(ঠ) মন্ত্রিপরিষদ সচিব কর্তৃক মনোনীত মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিবের নিম্ন নহেন এমন একজন কর্মকর্তা;

(ড) রেক্টর, যিনি ইহার সচিবও হইবেন।

**বোর্ডের সভা**

৭। (১) এই আইনের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, বোর্ড কর্তৃক উহার সভার কার্য পদ্ধতি নির্ধারিত হইবে।

(২) বোর্ডের সভা উহার চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত তারিখ, সময় ও স্থানে অনুষ্ঠিত হইবে:

তবে শর্ত থাকে যে, প্রতি মাসে বোর্ডের অন্তত একটি সভা অনুষ্ঠিত হইবে।

(৩) বোর্ডের সভায় কোরামের জন্য উহার মোট সদস্য সংখ্যার অন্যুন এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতি প্রয়োজনীয় হইবে, তবে মুলতবী সভার ক্ষেত্রে কোন